# কর্মক্ষেত্রে অভিবাসন আইন প্রয়োগকারী



অভিবাসন আইন প্রয়োগকারী কারা, আপনার কর্মক্ষেত্রে তারা এলে কি করবেন এবং রেইডের ক্ষেত্রে কিভাবে প্রস্তুত হবেন তা এই গাইডে বুঝিয়ে দেওয়া হয়েছে।

## ICE কি?

- ICE এর পুরো কথাটি হল ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট, এটি হল হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের (DHS) অধীনে থাকা একটি যুক্তরাষ্ট্রীয় এজেন্সি যারা অভিবাসন আইন প্রয়োগ করে।
- ICE এজেন্টরা যুক্তরাষ্ট্রীয় এজেন্ট, এরা স্থানীয় পুলিশের সমান নন। এদের ইউনিফর্মে "Police," "Federal Agent," "ICE," বা "HSI" লেখা থাকতে পারে। এরা ইউনিফর্ম পরেই আসবেন তা নাও হতে পারে। এদের সাথে বন্দুক থাকতে পারে। অনেক সময় ICE রেইডে স্থানীয় পুলিশ অফিসারেরা ICE এজেন্টদের সাথে থাকতে পারেন।

## ICE কর্মক্ষেত্রে এসে কি করে?

- অভিবাসন এজেন্টরা একটি ফর্ম I-9 অডিট, রেইড বা নির্দিষ্ট কোনও ব্যক্তিকে আটক করার জন্য আপনার কাজের জায়গায় আসতে পারেন।

## অডিট আর রেইডের মধ্যে তফাৎ কি?

- ICE রেইডের সময় নিয়োগকর্তাকে আগে থেকে সতর্ক করে রাখবে না। অডিটের ক্ষেত্রে আগে সমন পাঠানো হতে পারে, ICE অডিট রেইডের তুলনায় বেশি "বন্ধুত্বপূর্ণ" হয় তবে এর পরিণতিও খারাপ হতে পারে।

## ICE আসা বা রেইড করার সময় আপনার অধিকারগুলি সম্পর্কে জানুন

- চুপ করে থাকার ও কোনও প্রশ্নের উত্তর না দেওয়ার অধিকার আপনার সবসময় রয়েছে।
  - ICE-কে আপনার জানানো যেকোনো তথ্য পরে আপনার বিরুদ্ধে ব্যবহার করা হতে পারে।
  - আপনি বলতে পারেন, "আমি চুপ করে থাকতে চাই" বা "আমি কোনও প্রশ্নের উত্তর দিতে চাই না"।
- আপনাকে বা আপনার জিনিষপত্রের তল্লাশি অস্বীকার করার অধিকার আপনার সবসময় রয়েছে।
  - ICE-এর কাছে আপনার কোনও ID বা কাগজ দেখানোর দরকার নেই।
  - আপনি বলতে পারেন, "আমি তল্লাশিতে রাজি নই।"
- বিচার বিভাগীয় পরোয়ানা ছাড়া ICE কাউকে আটক করতে পারবে না বা ব্যক্তিগত স্থানে প্রবেশ করতে পারবে না।
- যতক্ষণ না আপনি ICE এজেন্টদের কোনও কাজে বাধা দিচ্ছেন ততক্ষণ পর্যন্ত তাদের রেকর্ড করার অধিকার আপনার রয়েছে।

# কর্মচারীগণ: ICE আসার ক্ষেত্রে কিভাবে প্রস্তুত হবেন

## আসার আগে


- যেকোনো খারাপ পরিণতির জন্য তৈরি থাকবেন।
    - একজন অভিবাসন আইনজীবীর সাথে কথা বলুন বা একজন অভিবাসন আইনজীবী খুঁজে নিন।
    - পরিবারের সুরক্ষা ও বাচ্চাদের যত্ন নেওয়ার পরিকল্পনা বানিয়ে রাখুন।
    - গুরুত্বপূর্ণ ফোন নম্বরগুলি মুখস্থ রাখুন।
    - গুরুত্বপূর্ণ নথিপত্রগুলি সুরক্ষিত রাখুন।
    - আপদকালীন পরিস্থিতির জন্য টাকা জমিয়ে রাখুন।
    - সম্ভব হলে, নো ইয়োর রাইটস ওয়ার্কশপে অংশগ্রহণ করুন এবং সেইসব তথ্য নিজের সহকর্মীদের জানান।
- কর্মক্ষেত্রের কোথায় আপনার কাজের জায়গা তার উপর নির্ভর করে নিজের অধিকারগুলি জানুন।
    - সর্বজনীন স্থান
        - সর্বজনীন স্থান হল সেইসব প্রকাশ্য জায়গা যেখানে যে কেউ কোনও অনুমতি ছাড়াই প্রবেশ করতে পারেন।
            - উদাহরণ: রেস্তোরাঁর ডাইনিং এরিয়া, সুপারমার্কেটের কেনাকাটার জায়গা, পার্কিং লট, লবি বা ওয়েটিং এরিয়া
        - ICE এজেন্টরা কারও অনুমতি ছাড়াই কর্মক্ষেত্রের সর্বজনীন স্থানে প্রবেশ করতে পারেন।
        - শুধুমাত্র সর্বজনীন স্থান বলেই ICE এজেন্টরা যেকোনো ব্যক্তিকে থামাতে, প্রশ্ন জিজ্ঞাসা করতে বা গ্রেফতার করতে পারবেন না।
    - ব্যক্তিগত এলাকা
        - নিয়োগকর্তার অনুমতি বা একটি বিচার বিভাগীয় পরোয়ানা ছাড়া একটি ব্যক্তিগত এলাকায় কেউ প্রবেশ করতে পারবে না।
        - অভিবাসন এজেন্টদের কাছে একটি বিচার বিভাগীয় পরোয়ানা থাকলে তবেই তারা ব্যক্তিগত স্থানে প্রবেশ করার দাবি জানাতে পারবেন।
    - আপনার সহকর্মী ও নিয়োগকর্তার সাথে একটি পরিকল্পনা তৈরি করুন। আপনার কর্মক্ষেত্রের ব্যক্তিগত ও সর্বজনীন স্থান কোনগুলি তা জানুন।
- নিজের অধিকারগুলি জানুন!
    - চুপ করে থাকার ও কোনও প্রশ্নের উত্তর না দেওয়ার অধিকার আপনার আছে।
    - নিজের পরিচয়পত্র না দেখানোর অধিকার আপনার আছে।
    - আপনার ও আপনার জিনিষপত্রের তল্লাশি অস্বীকার করার অধিকার আপনার আছে।
    - একটি বৈধ কারণ ছাড়া আটক না হওয়ার অধিকার আপনার আছে।
    - আইন প্রয়োগকারী অফিসারদের রেকর্ড করার অধিকার আপনার রয়েছে।

## আসার পরে

- শান্ত থাকুন। এজেন্টদের থেকে পালাবেন না বা লুকিয়ে পড়বেন না। এর ফলে তারা আপনাকে গ্রেফতার করার কারণ পেয়ে যাবেন।
- সমস্ত এজেন্ট ও তাদের প্রশ্নগুলিকে আপনার সুপারভাইজার বা নিয়োগকর্তার কাছে পাঠিয়ে দিন।
- কোনও এজেন্টের সাথে কথা বলবেন না। আপনার বলা যেকোনো কথা আপনার বা আপনার সহকর্মীদের বিরুদ্ধে ব্যবহার করা হতে পারে।
    - আপনার অভিবাসন স্থিতি কি, আপনি কোথা থেকে এসেছেন বা এখানে কতদিন রয়েছেন এইসব প্রশ্নের উত্তর আপনার দেওয়ার দরকার নেই।
    - অন্যান্য কর্মচারীদের বিষয়েও আপনি উত্তর দিতে বাধ্য থাকবেন না।
- যদি ICE এজেন্টরা একটি ব্যক্তিগত স্থানে ঢোকার চেষ্টা করে, আপনি বলতে পারেন, "এটা ব্যক্তিগত এলাকা। একজন বিচারকের সই করা একটি বিচার বিভাগীয় পরোয়ানা ছাড়া আপনি এখানে ঢুকতে পারবেন না," এবং তারপর আপনার সুপারভাইজার বা নিয়োগকর্তার কাছে তাদের পাঠিয়ে দিন।
- এজেন্টরা কি করছেন তা লক্ষ্য করুন এবং স্বচ্ছন্দ বোধ করলে তাদের কাজের ভিডিও রেকর্ড করুন।

## চলে যাওয়ার পরে

- আলাপ-আলোচনার সমস্ত খুঁটিনাটি তথ্য লিখে রাখুন, যার মধ্যে থাকবে
    - এজেন্টদের তথ্য যেমন তাদের নাম ও শনাক্তকরণ নম্বর,
    - নিজেদের কিভাবে উপস্থাপন করেছিলেন:
        - কেমন ব্যবহার করেন ও কিভাবে কথা বলেন।
        - তারা কেমন ইউনিফর্ম পরেছিলেন ও সাথে অস্ত্র ছিল কিনা।
        - সমস্ত কর্মচারীর সাথে তারা কেমন আচরণ করেন।
- প্রযোজ্য হলে, একটি ভরসাযোগ্য কমিউনিটি সংগঠন বা ইউনিয়নের কাছে এই রেইডের বিষয়ে জানিয়ে রাখুন।



# নিয়োগকর্তাগণ: ICE আসার ক্ষেত্রে কিভাবে প্রস্তুত হবেন

## ICE রেইড

- ICE এজেন্টরা কোনও নিয়োগকর্তার বিরুদ্ধে তদন্ত প্রক্রিয়ার অংশ হিসাবে আগে থেকে সতর্ক না করে কর্মক্ষেত্রে চলে যেতে পারেন।
- নির্দিষ্ট কোনও ব্যক্তিকে (বা ব্যক্তিদের) খোঁজার জন্য ICE এজেন্টরা আপনার ব্যবসাস্থলে আসতে পারেন। সেখানে থাকার সময় তারা অন্যদেরও প্রশ্ন করতে, আটক করতে, এমনকি গ্রেফতার করতে পারেন।
- যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই ICE এজেন্টরা একজন কর্মচারীকে থামানো, প্রশ্ন জিজ্ঞাসা করা, এমনকি গ্রেফতার করারও চেষ্টা করতে পারেন।

## 1-9 অডিট

- সমস্ত নতুন কর্মচারীদের জন্য ফর্ম I-9 দরকার হবে।
- ফর্ম I-9 অডিট হল যখন ICE আপনার ব্যবসাস্থলে এসে দেখে আপনি ফর্ম I-9 এর নিয়মগুলি মেনে চলছেন কিনা।
- ফর্ম I-9 একজন কর্মচারীর পরিচয় ও U.S.-এ কাজের অনুমোদন সুনিশ্চিত করে।
- এর ফলাফল ভালো না হলে:
  - ICE যদি মনে করে যে একটি ব্যবসায় ফর্ম I-9 এর নিয়মগুলি মেনে চলা হচ্ছে না তাহলে তাদের এই পরিণামগুলি ভোগ করতে হতে পারে:
    - বৈধ কাজের অনুমতি ছাড়া কর্মচারী নিয়োগ প্রক্রিয়া বন্ধ রাখার আদেশ।
    - দেওয়ানি ও ফৌজদারি দণ্ড ও জরিমানা।
- নির্দিষ্ট কোনও কর্মচারীকে তার I-9 ফর্মের স্থিতির জন্য ICE আটক করতে পারে।

## আসার আগে

- আগে থেকে উত্তরগুলি লিখে তৈরি করে রাখুন।
  - অন্যান্য ব্যবসা বা ব্যবসায়িক সংগঠনের সাথে কথা বলুন। প্রস্তুতির জন্য তারা কি করছে জানতে চান।
  - আপনার জন্য কাজ করবে এমন পরিকল্পনা তৈরি করুন।
  - ফায়ার ড্রিলের মতই কঠোর মহড়া দিয়ে রাখুন। কি কি বলতে ও করতে হবে জানা থাকলে নিজেকে আরও প্রস্তুত রাখতে পারবেন।
  - আপনার এলাকার ইমিগ্রেশন রেসপন্স নেটওয়ার্কগুলির সাথে যোগাযোগ রাখুন। অভিবাসন এজেন্টরা আপনার ব্যবসাস্থলে এলে এরা পরিবার, আইনি, আর্থিক ও মিডিয়া সংক্রান্ত সমস্যায় সহায়তা করে।
- নিজের কর্মচারীদের শিখিয়ে রাখুন যাতে ICE এজেন্টদের সাথে কথা না বলে।
  - সমস্ত কর্মচারীদের শেখান যে আপনার কর্মক্ষেত্রে ICE এজেন্টদের যেন প্রবেশ করতে না দেয়।
  - কর্মচারীরা বলতে পারেন যে, "আমি আপনাকে ভিতরে যাওয়ার অনুমতি দিতে পারব না। আপনাকে আমার মালিকের সাথে কথা বলতে হবে।"
  - সমস্ত কর্মচারীদের শেখান যাতে তারা ICE এজেন্টদের সাথে আলাপ-আলোচনা না করেন। ICE এজেন্টরা প্রশ্ন করলে বা অনুরোধ জানালে কর্মচারীদের কিছু বলতে হবে না বা এটা বলতে পারেন যে "আপনার ভিতরে যাওয়ার অনুমতি নেই। আমার মালিকের সাথে কথা বলুন"।
- আপনার অধিকারগুলি জানুন
  - ICE কোনও ব্যবসাস্থলে গেলে নিয়োগকর্তাদের অধিকার থাকবে। ICE এজেন্টরা সবসময় আপনার ব্যবসাস্থলে প্রবেশ করার, আপনার কর্মচারীদের থামানোর বা গ্রেফতার করার বা কোনও নথিপত্র নিয়ে যাওয়ার অধিকারী হবেন না।
  - আপনার ও আপনার কর্মচারীদের জন্য একটি "নো ইয়োর রাইটস" প্রশিক্ষণের ব্যবস্থা করে দেওয়ার জন্য একটি কমিউনিটি বা আইনি গোষ্ঠীর সাথে কাজ করুন এবং প্রশিক্ষণে ব্যয় করা সময়ের জন্য আপনার কর্মচারীদের বেতন দিন।
  - বিচার বিভাগীয় পরোয়ানা ও প্রশাসনিক পরোয়ানার মধ্যে পার্থক্যটা বুঝুন
    - একটি বিচার বিভাগীয় পরোয়ানায় অবশ্যই একজন বিচারকের সই থাকবে এবং উপরে "U.S. District Court" বা State Court লেখা থাকবে।
      - একটি বিচার বিভাগীয় পরোয়ানা একজন রাজ্য বা যুক্তরাষ্ট্রীয় বিচারক দ্বারা স্বাক্ষরিত থাকবে।
      - একটি বিচার বিভাগীয় পরোয়ানার মাধ্যমে আইন প্রয়োগকারীরা আপনার বাড়ির মত ব্যক্তিগত স্থানে প্রবেশ করার বা আপনার গাড়ি তল্লাশি করার অনুমতি পাবে।
      - বিচার বিভাগীয় পরোয়ানা ছাড়া আপনার ব্যবসাস্থলের ব্যক্তিগত এলাকায় প্রবেশ করার জন্য ICE এজেন্টদের আপনার অনুমতি লাগবে।
      - উদাহরণ: গ্রেফতারি পরোয়ানা, তল্লাশি পরোয়ানা
    - একটি প্রশাসনিক পরোয়ানায় একজন DHS অফিসারের সই থাকে, কোনও বিচারকের নয়।
      - একটি কর্মক্ষেত্র বা বাড়ির ব্যক্তিগত এলাকায় প্রবেশের দাবি জানানোর কর্তৃত্ব এটি ICE বা CBP-কে দেয় না।
      - উদাহরণ: বহিরাগত ব্যক্তিকে গ্রেফতারের পরোয়ানা, নিষ্কাশন/ বিতাড়নের পরোয়ানা

# নিয়োগকর্তাগণ: ICE আসার ক্ষেত্রে কিভাবে প্রস্তুত হবেন

## আসার পরে

- শান্ত থাকুন! আপনার কর্মচারীদেরও শান্ত থাকতে বলুন। বের হওয়ার পথের দিকে ছুটে যাবেন না। এতে পরিস্থিতি আরও খারাপ হয়ে যাবে কারণ ICE এজেন্টরা বলতে পারবেন যে যারা পালাচ্ছিলেন তারা নিশ্চয়ই অভিবাসন আইন লঙ্ঘন করেছিলেন।
- ICE এজেন্টরা যদি ব্যক্তিগত এলাকায় প্রবেশ করার চেষ্টা করে, আপনি বলতে পারেন: "এটা ব্যক্তিগত এলাকা। একজন বিচারকের সই করা বিচার বিভাগীয় পরওয়ানা ছাড়া আপনি এখানে ঢুকতে পারবেন না। আপনার কাছে এই বিচার বিভাগীয় পরোয়ানাটি আছে?"
    - পরামর্শ: কিছু এলাকা যে ব্যক্তিগত সেটা দেখিয়ে দেওয়ার জন্য সেগুলিকে "Private" চিহ্ন দিয়ে বুঝিয়ে দিন, এই জায়গাগুলির দরজা বন্ধ করে বা তালা দিয়ে রাখুন এবং একটি নীতি গ্রহণ করুন যে অনুমতি ছাড়া এই এলাকাগুলিতে কোনও আগত ব্যক্তি বা সাধারণ মানুষ প্রবেশ করতে পারবে না।
- ICE যখন একজন কর্মচারীর নাম লেখা একটি প্রশাসনিক পরোয়ানা আপনাকে দেখাবে:
    - সেই কর্মচারী সেই দিন কাজে এসেছেন কিনা তা আপনার বলার দরকার নেই।
    - আপনি পরোয়ানায় লেখা কর্মচারীর কাছে ICE এজেন্টদের নিয়ে যেতে বাধ্য থাকবেন না (এমনকি সেই কর্মী সেই সময় কাজ করলেও)।
- অভিবাসন স্থিতি বা তারা কোন দেশ থেকে এসেছেন তার উপর ভিত্তি করে কর্মচারীদের বাছাই করতে ICE এজেন্টদের সাহায্য করবেন না।
- এজেন্টদের উপর লক্ষ্য রাখুন ও দেখুন তারা পরোয়ানার লেখা অনুযায়ী কাজ করছেন কিনা।
- ICE এজেন্টরা আপনার কর্মক্ষেত্রে কি কি করছেন তা আপনি বা একজন কর্মচারী চাইলে ভিডিও রেকর্ড করে রাখতে পারেন। তাহলে আপনি প্রমাণ করতে পারবেন যে এজেন্টরা আপনার অধিকার বা আপনার কর্মচারীদের অধিকার লঙ্ঘন করেছেন।






## চলে যাওয়ার পরে

- ICE এজেন্টরা চলে যাওয়ার পরে এই তথ্যগুলি লিখে বা রেকর্ড করে রাখতে হবে:
    - কতজন ICE এজেন্ট (ভিতরে ও বাইরে) উপস্থিত ছিলেন?
    - এজেন্টরা কেমন ইউনিফর্ম পরেছিলেন? সাথে কি কি অস্ত্র ছিল?
    - এজেন্টরা কি আপনাকে বা আপনার কর্মচারীদের এটা বুঝিয়েছেন যে আপনারা নড়তে পারবেন না বা বেরিয়ে যেতে পারবেন না?
    - এজেন্টরা কি কারও সাথে দুর্ব্যবহার করেছেন? করলে, কিভাবে?
- প্রযোজ্য হলে কর্মচারীদের ইউনিয়নে বিষয়টি জানান।
- ICE যদি আপনার কর্মচারীদের কাউকে গ্রেফতার করে, তাহলে ICE এজেন্টদের জিজ্ঞাসা করুন তাদের কোথায় নিয়ে যাওয়া হচ্ছে। এই তথ্যের সাহায্যে কর্মচারীর পরিবার ও আইনজীবী সেই ব্যক্তিকে খুঁজে পাবেন।
- রেইডের অভিযোগ জানান।
- কাউকে আটক করা হলে, অনলাইনে ICE-এর আটক কেন্দ্র সন্ধান ব্যবস্থা দেখুন- locator.ice.gov.

### তথ্য সংস্থান

- বহু ভাষায় উপলব্ধ আমাদের নো ইয়োর রাইটস তথ্যের সম্পূর্ণ তালিকা পান এই লিঙ্কে: nyic.org/kyr
- অভিবাসন অধিকার ও আপনার কমিউনিটিকে কিভাবে সুরক্ষিত রাখবেন সেই বিষয়ে আরও জানতে, এই লিঙ্কে ইমিগ্রেশন ডিফেন্স প্রোজেক্ট দেখুন: immigrantdefenseproject.org
- অভিবাসী কমিউনিটিগুলির জন্য আইনি সংস্থান সম্পর্কে আরও জানতে, এই লিঙ্কে ন্যাশনাল ইমিগ্রেশন ল্য সেন্টারে যান: nilc.org/resources/
- আপনার ঘটনা সম্পর্কে সহায়তা দরকার হলে বা অভিবাসন সম্পর্কে সাধারণ জিজ্ঞাসা থাকলে, নিউ অ্যামেরিকানস হটলাইনের অফিসে 1-800-566-7636 নম্বরে কল করুন অথবা এই লিঙ্কে তাদের ওয়েবসাইটটি দেখুন: dos.ny.gov/office-new-americans